An Enterprise of BPDB

# ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো)

## WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)

স্মারক নং- ২৭.২২.৪৭৮৫.০০৫.৮৬.০০৭.২১.৯৬৯ তারিখঃ ৩০.০৭.২০২১ খ্রিঃ

**সকল দপ্তর প্রধান**
ওজোপাডিকো।

বিষয় ঃ **"ওজোপাডিকো'র এমপ্লয়ীদের চিকিৎসা ব্যয় প্রতিপূরণ বিধিমালা-২০২১" বাস্তবায়ন করা প্রসঙ্গ।**

"ওজোপাডিকো'র এমপ্লয়ীদের চিকিৎসা ব্যয় প্রতিপূরণ বিধিমালা-২০২১" ১লা জুলাই ২০২১ হতে কার্যকর করার জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

এ এন এম মোস্তাফিজুর রহমান
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)

অনুলিপিঃ
১। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো।
২। নির্বাহী পরিচালক (অর্থ/ প্রকৌশল), ওজোপাডিকো।
৩। প্রধান প্রকৌশলী (ও এন্ড এম, এস এন্ড ডি/ ই, এস সি এন্ড এস), ওজোপাডিকো।
৪। উপ মহাব্যবস্থাপক (এইচ আর ও এডমিন/ অর্থ/ হিসাব/ অডিট)
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বানিজ্যিক/ পি এন্ড ডি/ সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন), ওজোপাডিকো।
৭। ব্যবস্থাপক (হিসাব), সদর দপ্তর, ওজোপাডিকো।
৮। দপ্তর কপি।

"বিদ্যুৎ ভবন", ৩৫, বয়রা মেইন রোড, খুলনা। টেলিফোন ঃ ০২৪৪১১১৫৭৩,০২-৪৭৭৭২৫২৮২ ফ্যাক্স ঃ ০২-৪৭৭৭৩১৭৮৬ ই-মেইল ঃ wz.man.acc.hq@gmail.com

**ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)**

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

বিদ্যুৎ ভবন, ৩৫-বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।

# ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর এমপ্লয়ীদের চিকিৎসা ব্যয় প্রতিপূরন বিধিমালা- ২০২১

৩০/০৬/২০২১
মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকো লিঃ, খুলনা

৩০/০৬/২১
এ এন এম মোস্তাফিজুর রহমান
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)
ওজোপাডিকো।

৩০/০৬/২১
নির্বাহী পরিচালক (প্রকৌশল) ভারপ্রাপ্ত
ওজোপাডিকো লিঃ, খুলনা।

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগঃ**

ক) এ নীতিমালা "ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর এমপ্লয়ীদের চিকিৎসা ব্যয় প্রতিপূরন বিধিমালা-২০২১" নামে অভিহিত হবে।

খ) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২। **সংজ্ঞাঃ**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এ নীতিমালায়:

ক) কোম্পানি বলতে "ওয়েস্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো) লিমিটেড-কে বুঝাবে।

খ) এমপ্লয়ী বলতে ওজোপাডিকো'র নিয়মিত কর্মকর্তা/ কর্মচারীকে বুঝাবে।

গ) পরিবার বলতে এমপ্লয়ীর স্ত্রী বা স্বামী এবং তার উপর সম্পূর্ণ নির্ভরশীল বৈধ সন্তান ও পিতা- মাতাকে বুঝাবে।

৩। **চিকিৎসা ব্যয় প্রতিপূরণ প্রদানের বিধান সমূহঃ**

১। ওজোপাডিকোলিঃ কর্তৃক বিভিন্ন সময়ে আদেশ নির্দেশের ভিত্তিতে চিকিৎসা ব্যয় প্রতিপূরণ প্রাপ্য এমপ্লয়ীগন এই বিধিমালার ভিত্তিতে বাৎসরিক সর্বোচ্চ প্রাপ্য সীমার মধ্যে সীমাবদ্ধ রেখে চিকিৎসা সংক্রান্ত সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

২। চিকিৎসা ব্যয় প্রতিপূরণ প্রাপ্য এমপ্লয়ী পুরুষ হলে তার স্ত্রী এবং মহিলা হলে তার স্বামী, তার উপর সম্পূর্ন নির্ভরশীল বৈধ সন্তান ও পিতা-মাতা এর চিকিৎসা ব্যয় প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে।

৩। ক) চিকিৎসা ব্যায় প্রতিপূরণ প্রাপ্য এমপ্লয়ী পুরুষ হলে তার স্ত্রী (Spouse) এবং মহিলা হলে তার স্বামী (Spouse) চাকুরীজীবি হলে তার নিজের, সন্তান ও পিতা- মাতা এর চিকিৎসা ব্যয় প্রতিপুরন যে কোন একজনের কর্মস্থল হতে গ্রহন করবেন। এক্ষেত্রে এমপ্লয়ী ও তার Spouse যৌথভাবে যার কর্মস্থল হতে প্রতিপূরণ গ্রহন করবেন তার অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে অপশন ব্যক্ত করবেন।

খ) Spouse অন্য প্রতিষ্ঠানে কর্মরত হলে এবং চিকিৎসা ভাতা পেয়ে থাকলে এবং এমপ্লয়ী তার জন্য প্রতিপূরণ গ্রহন করতে চাইলে Spouse কর্তৃক প্রাপ্য চিকিৎসা ভাতা এমপ্লয়ীর প্রাপ্য বার্ষিক সিলিং হতে বাদ দিয়ে তার সিলিং নির্দ্ধারিত হবে।

গ) স্বামী-স্ত্রী উভয়েই ওজোপাডিকো-তে কর্মরত হলে কেউ কারো উপর নির্ভরশীল দেখাতে পারবে না। প্রত্যেকে তাদের নিজের বিল নিজ নামে নিবেন তবে তাদের উপর নির্ভরশীলদের (অনুচ্ছেদ ২ অনুযায়ী) বিল যিনি প্রতিপূরণ নিবেন তিনি তাদের নাম উল্লেখপূর্বক অর্থবছরের শুরুতেই ঘোষনাপত্র দিবেন।

৪। ওজোপাডিকো'র Medical Officer (যদি Medical Officer না থাকে সেক্ষেত্রে Medical Assistant) বা Bangladesh Medical & Dental Council (BMDC) বা হোমিও (BHMS) বা আয়ূর্বেদিক (BUMS) এর রেজিস্ট্রেশনভূক্ত চিকিৎসা পেশায় নিয়োজিত চিকিৎসক কর্তৃক প্রদত্ত চিকিৎসাপত্র/ পরামর্শ অনুসারে গ্রহনকৃত চিকিৎসার ব্যয় প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে। দাখিলকৃত বিল ওজোপাডিকো'র Medical Assistant কর্তৃক যাচাই অন্তে প্রতিপূরণযোগ্য হবে।

৫। চিকিৎসকের পরামর্শ ফি, হাসপাতাল বা ক্লিনিকের বিল, চিকিৎসকের পরামর্শপত্র অনুসারে ক্রয়কৃত ঔষধের মূল্য, অপারেশন চার্জ, চিকিৎসকের পরামর্শপত্র অনুসারে করা সকল প্রকার মেডিকেল টেষ্ট ও চিকিৎসা পদ্ধতির মাধ্যমে পরীক্ষা বা রোগ নির্ণয় (Diagnosis) ফি ও এ্যাম্বুলেন্স ভাড়া প্রাপ্য হবেন।

৬। চিকিৎসকের পরামর্শ মোতাবেক সকল প্রকার অপারেশনযোগ্য চিকিৎসা এবং অন্যান্য বিশেষায়িত চিকিৎসা (Specialised Treatment) ব্যয় প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে।

৭। রোগীর প্রয়োজনে চিকিৎসকের লিখিত প্রত্যায়নের ভিত্তিতে বিশেষ নার্সিং ও ফিজিও থেরাপি এর ব্যয় প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে।

৮। চোখের চিকিৎসা ব্যয় এবং লেন্সের মূল্য প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে। লেজার চিকিৎসা প্রতিপূরণযোগ্য ব্যয় হিসাবে বিবেচিত হবে। কিন্তু চোখের চোখের পাওয়ারের পরিবর্তন না হলে একই অর্থ বছরের মধ্যে লেন্সের মূল্য প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে না। চশমার ফ্রেমের মূল্য ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালকবৃন্দ অর্থ বছরে সর্বোচ্চ ৬,০০০/= (ছয় হাজার) টাকা এবং অন্যান্য এমপ্লয়ীগন সর্বোচ্চ ৪,০০০/= (চার হাজার) টাকা প্রতিপূরণ পাবেন।

৯। দাঁতের চিকিৎসা ব্যয় (রুট ক্যানেল, দাঁত তোলা, দাঁতে ক্যাপ পরানো ও কৃত্রিম দাঁত স্থাপন সহ) প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে। তবে দাঁতের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য ব্রেসিং ব্যবহার করে উঁচু-নীচু দাঁত সমান করার জন্য অর্থডন্টিক ট্রিটমেন্ট ব্যয় প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে না।

৩০/০৬/২০২১
মোঃ জাহাঙ্গীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকোলিঃ, খুলনা।

৩০/০৬/২১
এ এন এম মোস্তাফিজুর রহমান
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)
ওজোপাডিকো।

৩০/০৬/২১
নির্বাহী পরিচালক (প্রকৌশল) ভারপ্রাপ্ত
ওজোপাডিকোলিঃ, খুলনা।

১০। চুলের চিকিৎসা (টাক পড়া, চুলা পড়া) ব্যয় প্রতিপূরন করা যাবে; তবে চুলের সৌন্দর্য বর্ধনের জন্য ব্যয় ও মুখমন্ডলের অবাঞ্চিত লোম উৎপাটন (লেজার চিকিৎসা) ব্যয় প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে না।

১১। যে কোন সরকারী/বেসরকারী হাসপাতাল, ডিসপেনসারী, ক্লিনিক, চিকিৎসকের চেম্বার এবং চিকিৎসা ব্যয় প্রতিপূরণ প্রাপ্য এমপ্লয়ীর বাসস্থান- এর যে কোন স্থানে চিকিৎসা গ্রহন করা হলে ব্যয় প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে।

১২। ব্যবস্থাপত্রে যে সকল ঔষধ চলবে বা Continue মর্মে উল্লেখ থাকবে তার মূল্য ১ (এক) বছর পর্যন্ত প্রতিপূরণযোগ্য বিবেচিত হবে। সর্বোচ্চ ৩ (তিন) মাসের ঔষধ একসাথে ক্রয় করা যাবে।

১৩। সাধারণ শারিরীক সমস্যা যেমনঃ সর্দি, কাশি, জ্বর, ডায়রিয়া, মাথা ব্যাথা, বমি ইত্যাদি কারণে ডাক্তারের প্রেসক্রিপশন ছাড়া (Non-prescription item) ক্রয়কৃত ঔষধের জন্য প্রতি বিলে সর্বোচ্চ ৩০০/= (তিন শত) টাকা প্রতিপূরণযোগ্য হবে।

১৪। শিশু জন্মগ্রহনের পর থেকে ৯ (নয়) পর্যন্ত ডাক্তারের পরামর্শ অনুযায়ী শিশুখাদ্য হিসাবে দুধের মূল্য প্রতিপূরনযোগ্য।

১৫। **যে সকল রোগ, চিকিৎসা ও কারনে ব্যয় প্রতিপূরণযোগ্য বলে বিবেচিত হবে নাঃ**

(ক) মাদক জাতীয় দ্রব্য গ্রহন জনিত রোগ। যেমনঃ- মদ, গাজা, হেরোইন, ইয়াবা ইত্যাদি (Alcoholism, Drug abuse or intoxicant)।

(খ) শারিরীক ত্রুটি (দূর্ঘটনা জনিত কারন ব্যতীত) দূরীকরনার্থে করা কসমেটিক অথবা প্লাস্টিক সার্জারী।

(গ) চিকিৎসকের ব্যবস্থাপত্রে উল্লেখ থাকলেও চুল/ দাঁতে/ চর্মে প্রয়োগের উদ্দেশ্যে ব্যবহারিক জীবনে নিত্য ব্যবহৃত লোশন, সাবান, শ্যাম্পু, ক্রিমের বিল।

(ঘ) কম্পিউটারে প্রস্তুতকৃত (Auto Generated বিল ব্যতীত) কাঁচা বিল।

(ঙ) ব্যবস্থাপত্রে ও ভাউচারে উল্লিখিত তথ্য কলম দিয়ে কাটা-ছেঁড়া/ ওভার রাইটিং/ ঘষামাজা করা।

১৬। ক্ষেত্র বিশেষে যে সকল রোগের চিকিৎসা বাংলাদেশে সম্ভব নয় বা উন্নত চিকিৎসার ক্ষেত্রে সংস্থা প্রধানের পূর্বানুমোদনক্রমে উক্ত রোগের চিকিৎসা বিদেশে করা যেতে পারে। সেক্ষেত্রে চিকিৎসা ব্যয় বৈদেশিক মুদ্রায় পরিশোধিত হলে তা ঐ সময়ের মুদ্রার বিনিময় হার অনুসারে বাংলাদেশী টাকায় প্রতিপূরণ করা হবে।

১৭। আর্থিক বছরের মধ্যবর্তী সময়ে চাকুরীতে যোগদান, চাকুরী হতে অবসর গ্রহন, ইস্তফা প্রদান, চাকুরী হতে অব্যহতি দেয়া হলে বা মৃত্যুবরণ করলে সেক্ষেত্রে বার্ষিক প্রতিপূরণযোগ্য ব্যয়ের আনুপাতিক হারে সংশ্লিষ্ট এমপ্লয়ী চিকিৎসা ব্যয় প্রতিপূরণ প্রাপ্য হবেন।

১৮। পূর্ববর্তী অর্থ বছরের শেষ মাসের পুরাতন বিল পরবর্তী অর্থ বছরে প্রতিপূরণ করা যাবে।

১৯। **চিকিৎসা ব্যয় প্রতিপূরণের পদ্ধতিঃ**

(১) চিকিৎসার ব্যয় নির্বাহের অনধিক ২ (দুই) মাসের মধ্যে ব্যয় প্রতিপূরনের জন্য উপস্থাপন করতে হবে। অন্যথায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন করতে হবে।

(২) নির্দিষ্ট (সংযুক্ত) ফরমে প্রতিপূরণ বিল দাখিল করতে হবে।

(৩) চিকিৎসকের পরামর্শপত্র ও প্যাথলজি এবং অন্যান্য টেস্টের নিজ কর্তৃক সত্যায়িত কপি, সংঘটিত ব্যয়ের মূল ভাউচার এবং হাসপাতালে ভর্তি হলে ছাড়পত্রের মূল কপি এমপ্লয়ী কর্তৃক প্রত্যায়নপূর্বক দপ্তর প্রধানের মাধ্যমে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

(৪) দপ্তরের সকল এমপ্লয়ীকে একইসাথে প্রতি মাসে ১ বার মেডিকেল বিল প্রতিপূরন করা হবে।

৩০/০৬/২০২১
মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
এইচআর এন্ড এডমিন
ওজোপাডিকো লিঃ, খুলনা

৩০/০৬/২১
এ এন এম মোস্তাফিজুর রহমান
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)
ওজোপাডিকো।

৩০/০৬/২১
নির্বাহী পরিচালক (প্রকৌশল) ভারপ্রাপ্ত
ওজোপাডিকোলিঃ, খুলনা।